

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ চিকিৎসা, তাবীয ও ঝাড়ফুঁক রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তাবীয দিয়ে পয়সা খাওয়া কি হালাল?

উত্তরঃ ইসলামে যা হারাম, তার ব্যবসা করা এবং তার বিনিময়ে পয়সা খাওয়া হারাম। ইসলামে মদ হারাম, তা বিক্রি করাও হারাম। আল্লাহর রাসুল (সঃ) বলেছেন, "মদ পানকারীকে, মদ পরিবেশনকারীকে, তার ক্রেতা ও বিক্রেতাকে, তার প্রস্তুতকারককে, যার জন্য প্রস্তুত করা হয় তাকে ,তার বাহককে ও যার জন্য বহন করা হয় তাকে আল্লাহ অভিশাপ করেছেন।" (আবু দাউদ ৩৬৭৪, ইবনে মাজাহ ৩৩৮০ নং) (আবু দাউদ ৩৬৭৪, ইবনে মাজাহ ৩৩৮০ নং)

ইবনে মাজার বর্ণনায় আছে, "তা মূল্য ভক্ষণকারী ও (অভিশপ্ত)।"(সহিহুল জা'মে ৫০৯১ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2379

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন